

ইসলামী বিশ্ববিদ্যালয়

সাড়ে তিন বছরে
সাতজন রেজিস্ট্রার

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া, ২৪শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য ডঃ এম এ হামিদে সাড়ে ৩ বছর মেয়াদকালে রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেয়েছেন ৭ জন লোক। তিনবার বিজ্ঞপ্তি প্রকাশ হলেও স্থায়ীভাবে কাউকে এখনও রেজিস্ট্রার হিসেবে নিয়োগ দেয়া হয়নি। ১১ই জানুয়ারি স্থায়ীভাবে রেজিস্ট্রার নিয়োগ দেয়ার জন্য এ পর্যন্ত ৭টি আবেদনপত্র পাওয়া গেছে। গত বিজ্ঞপ্তির শর্ত অনুসারে দক্ষ লোক না আসায় নিয়োগ দেয়া সম্ভব হয়নি বলে বিশ্ববিদ্যালয় উপাচার্যের বক্তব্য। এই পদটির জন্য বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের মধ্য হতে আবেদনপত্র প্রেস করেছেন বর্তমান অস্থায়ী রেজিস্ট্রার ডঃ আশরাফ আলী। তিনি সমাজবিজ্ঞান অনুষদের ডীন, ইসলামের ইতিহাস বিভাগের সভাপতি, সিভিকিট সদস্য, ফাইন্যান্স কমিটির সদস্য, জিয়া পরিষদের সভাপতিসহ ১০টির বেশি পদে অধিষ্ঠিত রয়েছেন। এছাড়াও যারা প্রার্থী হিসেবে আছেন তারা হলেন কন্ট্রোলার ডঃ আশরাফ আলী, ডেপুটি কন্ট্রোলার আমজাদ হোসেন, ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এবং পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন কর্মকর্তা। এর মধ্যে কন্ট্রোলার ডঃ আশরাফ আলী আর্থিক দুর্নীতির অভিযোগে সাময়িকভাবে চাকরি হতে বহিষ্কৃত আছেন। পরিকল্পনা কর্মকর্তাকে রেজিস্ট্রার হিসেবে নিয়োগের জোর প্রচেষ্টা চলছে বলে ইতিমধ্যে ক্যাম্পাসে গুঞ্জন শুরু হয়েছে। ইসলামী ছাত্র সংঘের সাবেক নেতা নুজরুলের স্বাধীনতা যুদ্ধে বিতর্কিত ভূমিকা থাকায় প্রগতিশীল ছাত্র সংগঠন ও শিক্ষক কর্মকর্তারা এর বিরোধিতা করছেন।

